

নম্বর ৪৩.২৬.২২০০.০০০.২৩.০১০.২০.২৬

তারিখ: ২৬ চৈত্র ১৪২৮

০৯ এপ্রিল ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন।

‘বাংলা নববর্ষ ১৪২৯’ উদযাপন উপলক্ষে কক্সবাজার জেলা সরকারি গণগ্রন্থাগারে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র:নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেওয়ার শেষ তারিখ
১.	ক	পঞ্চম-অষ্টম	বাঙালির প্রাণের উৎসব বাংলা নববর্ষ	১০০০	২৪/০৪/২০২২, রবিবার, সময়ঃ বিকাল ৫.০০ ঘটিকা
২.	খ	নবম-দ্বাদশ	বাঙালি সংস্কৃতির বিকাশে বাংলা নববর্ষের প্রভাব	১২০০	
৩.	গ	স্নাতক- স্নাতকোত্তর	বাঙালির অসাম্প্রদায়িক চেতনা ও নববর্ষ	১৫০০	
৪.	ঘ	সর্বসাধারণ	জাতীয় জীবনে বাংলা নববর্ষের প্রভাব	১৮০০	

খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

ক্র:নং	গ্রুপ	বয়সসীমা	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	চিত্রাঙ্কন প্রতিযোগিতার তারিখ ও সময়
১.	ক	অনূর্ধ্ব-৭বছর	বৈশাখী মেলা	২৪/০৪/২০২২, রবিবার বিকাল ৪.০০ ঘটিকায় জেলা সরকারি গণগ্রন্থাগারের মিলনায়তনে সরাসরি অনুষ্ঠিত হবে
২.	খ	অনূর্ধ্ব-১২বছর	শোভাযাত্রা	
৩.	গ	বিশেষ (প্রতিবন্ধী)	বৈশাখী মেলা	

শর্তাবলি:

- ১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক;
- ২। ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে;
- ৩। রচনায় অবশ্যই অংশগ্রহণকারীর নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে;
- ৫। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক প্রতিযোগীকে নির্ধারিত সময়ের মধ্যে কক্সবাজার জেলা সরকারি গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ৬। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজআর্ট পেপার ব্যতীত চিত্রাঙ্কনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঞ্চে আনতে হবে।

৯-৪-২০২২

খয়রুল কামাল

লাইব্রেরিয়ান
ফোন: ০২-৫১০৬০০২৮
ইমেইল:
dgplcoxsbazar@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর, কক্সবাজার
- ৪) অধ্যক্ষ/সুপারিন্টেন্ডেন্ট/প্রধান শিক্ষক,.....,
কক্সবাজার।